**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-২)- ৬২৪৮ - জে, তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ / ১৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: ঢাকা বিভাগীয় স্পেশাল জজ আদালতে কর্মরত "স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর" জনাব মোঃ জসিম উদ্দিন-এর পাকস্থলীর টিউমার জনিত অসুস্থতার চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

সূত্র: বিভাগীয় স্পেশাল জজ আদালতের কার্যালয়, ঢাকা এর গত ১৫.০৬.২০২৩ খ্রিস্টাব্দের বি,বি,জজ, আ/ঢাকা/২০২৩/১৩৮(প্রশা:) নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, তিনি বর্তমানে বিভাগীয় স্পেশাল জজ আদালত, ঢাকায় "স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর" পদে কর্মরত আছেন। তিনি বিগত ২৫.০৪.২০২৩ খ্রিঃ তারিখ তার উক্ত কর্মস্থলে কর্মরত থাকাবস্থায় হঠাৎ অসুস্থ হয়ে যান এবং তার প্রস্রাব ও পায়খানা বন্ধ হয়ে যায়। তার অবস্থা সংকটাপন্ন হওয়ায় তাকে তাৎক্ষণিক হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরবর্তীতে বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় পরীক্ষা-নিরীক্ষা অন্তে জানা যায় তার পাকস্থলীতে টিউমার হয়েছে। উক্ত মর্মে তিনি স্কয়ার হাসপাতাল, ঢাকায় চিকিৎসা গ্রহণ করেন এবং পরবর্তীতে সুচিকিৎসার জন্য ডাক্তারের পরামর্শ অনুযায়ী তিনি ভারতের চেন্নাই এর এ্যাপোলো হাসপাতালে ভর্তি হয়ে বর্তমানে চিকিৎসাধীন আছেন। চেন্নাই এর এ্যাপোলো হাসপাতাল কর্তৃপক্ষ পরীক্ষা নিরীক্ষা অন্তে তার পাকস্থলীতে টিউমার হয়েছে বলে তাকে অবহিত করেন। এই রোগের চিকিৎসা অত্যন্ত ব্যয়বহুল এবং তা নির্বাহ করতে গিয়ে তার সকল সঞ্চয় শেষ হয়ে গেছে। তিনি তার আত্মীয়দের নিকটও আর্থিকভাবে ঋণগ্রস্থ হয়ে পড়েছেন। ইতোমধ্যে বাংলাদেশের বিভিন্ন হাসপাতালে তার প্রায় ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা চিকিৎসা বাবদ ব্যয় হয়েছে। ভারতের চেন্নাইয়ে অবস্থিত এ্যাপোলো হাসপাতালের ডাক্তারগণ জানিয়েছেন যে, তার এই রোগের চিকিৎসা দীর্ঘ মেয়াদী চিকিৎসা। উক্ত রোগের চিকিৎসা করতে ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) রুপি প্রয়োজন। এমতাবস্থায় তার উক্ত চিকিৎসা ব্যয় বাবদ সর্বমোট ৭০,০০,০০০/-(সত্তর লক্ষ) টাকা প্রয়োজন। তার এক সন্তান ৮(আট) বছর বয়সী, বর্তমানে সে তৃতীয় শ্রেণীতে অধ্যয়নরত। তিনি ৩য় শ্রেণীর একজন কর্মচারী। তিনি ও তার পরিবার নিয়ে বর্তমানে মানবেতর জীবনযাপন করছেন। তার আর্থিক অবস্থা খুবই সংকটাপন্ন বিধায় তার চিকিৎসার ব্যয় নির্বাহের সমর্থ তার পরিবারের নেই। তার চিকিৎসা ব্যয় নির্বাহ করা তার পরিবারের পক্ষে সম্ভব নয়। এমতাবস্থায়, তার পাকস্থলীর টিউমার জনিত অসুস্থ্যতার চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য জরুরী তিনি বিচার বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারী এবং বাংলাদেশের সকল বিচার বিভাগীয় কর্মকর্তা/কর্মচারীর নিকট আর্থিক সাহায্য প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করেছেন।

০২। । এমতাবস্থায়, ঢাকা বিভাগীয় স্পেশাল জজ আদালতে কর্মরত "স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর" জনাব মোঃ জসিম উদ্দিন-এর পাকস্থলীর টিউমার জনিত অসুস্থ্যতার চিকিৎসা ব্যয় নির্বাহে আর্থিক সাহায্যের আবেদনটি বাংলাদেশের প্রতিটি অধস্তন আদালতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত আপনাকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

<u>সাহায্য পাঠানোর ঠিকানা:</u>
জনাব মোঃ জসিম উদ্দিন
**পূবালী ব্যাংক লিমিটেড, বার লাইব্রেরী শাখা, ৬, কোর্ট হাউজ স্ট্রীট, কোতয়ালী, ঢাকা-১১০০।**
**সঞ্চয়ী হিসাব নং- ০৯৬৩১০১০৭৬৭৬০**
**বিকাশ নং-০১৯২০-৭৪৪৯৯১ (পারসোনাল)**

স্বা:/-
(এসকে.এম. তোফায়েল হাসান)
রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭ (অংশ-২)- ৬২৪৮ জে, তারিখ: ২৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ / ১৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

<u>অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------ ----------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, --------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, --------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,--------- ------------------- --------- (সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের


dextop/Help application

৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, --------------------- --------- (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,------------------------------------------ (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, --------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত -----------------------------------(সকল)।
১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ........................ (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ...................................................... (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস্ এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,................... (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,--------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,------------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল.......(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৭। অফিস কপি।

Rlahaman
13.07.23
(রাশেদুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২২২৩৩৮১৯৩২

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## বিভাগীয় স্পেশাল জজ আদালত এর কার্যালয়, ঢাকা।
(প্রশাসনিক বিভাগ)।

স্মারক নম্বর:-বি,বি,জজ,আ/ঢাকা/২০২৩/১৩৮ (প্রশা:), তারিখ: ১৫/০৬/২০২৩খ্রি:

প্রেরক : এস.এম. জিয়াউর রহমান
বিভাগীয় স্পেশাল জজ,
(সিনিয়র জেলা ও দায়রা জজ)
বিভাগীয় স্পেশাল জজ আদালত, ঢাকা।

প্রাপক: মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

বিষয় : অত্র আদালতে কর্মরত ষ্টেনোগ্রাফার-কাম-কম্পিউটার অপারেটর জনাব মো: জসিম উদ্দিন এর উন্নত চিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদনপত্র অগ্রবর্তীকরণ প্রসঙ্গে।

মহোদয়,

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, অত্র আদালতে কর্মরত ষ্টেনোগ্রাফার-কাম-কম্পিউটার অপারেটর জনাব মো: জসিম উদ্দিন বিগত ২৫/০৪/২০২৩ খ্রি: তারিখ হতে পাকস্থলীর টিউমার জনিত কারণে অসুস্থ্য হয়ে প্রথমে ন্যাশনাল হাসপাতাল, ঢাকা এবং পরে স্কয়ার হাসপাতাল, ঢাকাতে ভর্তি হন। দীর্ঘ প্রায় দেড় মাস চিকিৎসাধীন থাকাবস্থায় উভয় হাসপাতালে প্রায় ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা তার চিকিৎসা বাবদ ব্যয় হয়েছে। পরবর্তীতে রোগীর অবস্থা সংকটাপন্ন হওয়ায় স্কয়ার হাসাপাতাল, ঢাকা সুচিকিৎসার জন্য ভারতে যাওয়ার পরামর্শ দেন। সে মোতাবেক তিনি বর্তমানে ভারতের চেন্নাইয়ে অবস্থিত এ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন আছেন। উক্ত হাসপাতাল কর্তৃপক্ষ জানান যে, এই রোগের চিকিৎসা দীর্ঘ মেয়াদী এবং অত্যন্ত ব্যয় বহুল যা বাংলাদেশী টাকায় ৭০,০০,০০০/-(সত্তর লক্ষ) প্রয়োজন। তার পরিবারের পক্ষে এই চিকিৎসা ব্যয় বহন করা সম্ভব নয়। বর্তমানে তিনি ও তার পরিবার মানবেতর জীবন যাপন করছেন এবং আত্নীয় স্বজনের নিকটও ঋণগ্রস্থ হয়ে পড়েছেন।

এমতাবস্থায়, অত্র আদালতে কর্মরত ষ্টেনোগ্রাফার-কাম-কম্পিউটার অপারেটর জনাব মো: জসিম উদ্দিন এর চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদনপত্র সুপারিশসহ মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অগ্রবর্তী করা হলো।

বিনীত,
আপনার অনুগত
15/6/2023

(এস.এম. জিয়াউর রহমান)
বিভাগীয় স্পেশাল জজ, ঢাকা।
(সিনিয়র জেলা ও দায়রা জজ)।
বিভাগীয় স্পেশাল জজ আদালত, ঢাকা।

সংযুক্তঃ
১। চিকিৎসা ব্যয়ের কাগজপত্র - ০২ ফর্দ।

বরাবর,

মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

মাধ্যম ঃ- মাননীয় বিভাগীয় স্পেশাল জজ,
(সিনিয়র জেলা ও দায়রা জজ)
বিভাগীয় স্পেশাল জজ আদালত, ঢাকা।

বিষয় ঃ- পাকস্থলীর টিউমার জনিত অসুস্থ্যতার চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন।

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী বর্তমানে বিভাগীয় স্পেশাল জজ আদালত, ঢাকায় "স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর" পদে কর্মরত আছি। আমি বিগত ২৫/০৪/২০২৩ খ্রি: তারিখ আমার উক্ত কর্মস্থলে কর্মরত থাকাবস্থায় হঠাৎ অসুস্থ হয়ে যাই এবং আমার প্রশ্রাব ও পায়খানা বন্ধ হয়ে যায়। আমার অবস্থা সংকটাপন্ন হওয়ায় আমাকে তাৎক্ষণিক হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরবর্তীতে বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় পরীক্ষা-নিরীক্ষা অন্তে জানা যায় আমার পাকস্থলীতে টিউমার হয়েছে। উক্ত মর্মে আমি স্কয়ার হাসপাতাল, ঢাকায় চিকিৎসা গ্রহণ করি এবং পরবর্তীতে সুচিকিৎসার জন্য ডাক্তারের পরামর্শ অনুযায়ী আমি ভারতের চেন্নাই এর এ্যাপোলো হাসপাতালে ভর্তি হয়ে বর্তমানে চিকিৎসাধীন আছি। চেন্নাই এর এ্যাপোলো হাসপাতাল কর্তৃপক্ষ পরীক্ষা নিরীক্ষা অন্তে আমার পাকস্থলীতে টিউমার হয়েছে বলে আমাকে অবহিত করে। এই রোগের চিকিৎসা অত্যন্ত ব্যয়বহুল এবং তা নির্বাহ করতে গিয়ে আমার সকল সঞ্চয় শেষ হয়ে গেছে। এমতাবস্থায় নিকট আত্মীয়দের নিকটও আর্থিকভাবে ঋণগ্রস্থ হয়ে পড়েছি। ইতোমধ্যে বাংলাদেশের বিভিন্ন হাসপাতালে আমার প্রায় ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা চিকিৎসা বাবদ ব্যয় হয়েছে। ভারতের চেন্নাইয়ে অবস্থিত এ্যাপোলো হাসপাতালের ডাক্তারগণ জানিয়েছেন যে আমার এই রোগের চিকিৎসা দীর্ঘ মেয়াদী চিকিৎসা। উক্ত রোগের চিকিৎসা করতে ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) রুপি প্রয়োজন। এমতাবস্থায় আমার উক্ত চিকিৎসা ব্যয় বাবদ সর্বমোট ৭০,০০,০০০/-(সত্তর লক্ষ) প্রয়োজন। আমার এক সন্তান, ৮ বছর বয়সী, বর্তমানে সে তৃতীয় শ্রেণীতে অধ্যয়নরত। আমি ৩য় শ্রেণীর একজন কর্মচারী। আমি ও আমার পরিবার বর্তমানে মানবেতর জীবনযাপন করছি। আমার আর্থিক অবস্থা খুবই সংকটাপন্ন বিধায় আমার চিকিৎসার ব্যয় নির্বাহের সমর্থ আমার পরিবারের নেই। আমার চিকিৎসা ব্যয় নির্বাহ করা আমার পরিবার পক্ষে সম্ভব নয়। এমতাবস্থায় আমার চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য জরুরী ভিত্তিতে আমার আর্থিক সাহায্য প্রয়োজন।

অতএব, মহোদয় সমীপে আকুল প্রার্থনা, আমার চিকিৎসা ব্যয় নির্বাহের নিমিত্ত বাংলাদেশ বিচার বিভাগের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের নিকট হতে আর্থিক সাহায্য পাওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে হুজুরের সদয় মর্জি হয়।

বিনীত

আপনার একান্ত অনুগত

তারিখ: ১৪/০৬/২০২৩ ইং।

( মো: জসিম উদ্দিন)
(ষ্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর)
বিভাগীয় স্পেশাল জজ আদালত, ঢাকা।

সংযুক্তিঃ
ভারতে চিকিৎসা সংক্রান্ত রশিদ সমূহের ফটোকপি.০২. ফর্দ ।
সাহায্য পাঠানোর ঠিকানাঃ Md. Jashim Uddin
Savings Account No. 0963101076760
Pubali Bank Limited, Bar Library Branch,
6, Court House Street, Kotwali, Dhaka-1100, Bangladesh.